JAN 21 2001

পৃষ্ঠা ৬ কলাম ৪

# ৩১ জানুয়ারীর মধ্যে বই সরবরাহের দাবীতে রাজশাহীর শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

**রাজশাহী অফিস ঃ** আগামী ৩১ জানুয়ারীর মধ্যে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের সকল শিক্ষার্থীদের বই সরবরাহের দাবীতে বাংলাদেশ ছাত্রমৈত্রীর আহ্বানে গতকাল নগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট পালিত হয়।

ধর্মঘট শেষে একটি বিক্ষোভ মিছিল নগরীর প্রধান প্রধন সড়ক প্রদক্ষিণ শেষে সাহেববাজার বড় রাস্তায় প্রতিবাদ সমাবেশ করে। সমাবেশে বক্তারা দুর্নীতিবাজ বোর্ড কর্মকর্তাদের অবিলম্বে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানিয়ে বলেন, প্রতিবছরই বই বিতরণ নিয়ে ব্যাপক দুর্নীতি করা হয়। জানুয়ারী মাসের শেষপ্রান্তে এসেও ছাত্র-ছাত্রীরা খালিহাতে স্কুলে যাচ্ছে। যা সরকারের শিক্ষা সংকোচন নীতিরই বহিঃপ্রকাশ।